অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/27/2026 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল এবং মেয়র মামদানি কুইন্স কংক্রিটের মিডিয়ানকে বন্যা প্রতিরোধী অবকাঠামোতে রূপান্তরের জন্য 8.4 মিলিয়ন মার্কিন ডলার ঘোষণা করেছেন

হোয়াইটস্টোন, ফরেস্ট হিলস, কুইন্স ভিলেজে নতুন সবুজ স্থানগুলি প্রতি বছর সম্মিলিতভাবে পাঁচ মিলিয়ন গ্যালন বৃষ্টির পানি ধারণ করবে

প্রজেক্টগুলি চাপ কমাতে, সিউয়ারের ধারণক্ষমতা বাড়াতে এবং স্থানীয় জলপথের পানির গুণমান উন্নত করতে সাহায্য করবে

রেন্ডারিং এখানে পাওয়া যাবে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) এবং মেয়র Zohran Kwame Mamdani (জোহারান কোয়ামে মামদানি) আজ বন্যা মোকাবেলায় সক্ষম অবকাঠামোতে 8.4 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগের ঘোষণা করেছেন, যা হোয়াইটস্টোন (Whitestone), ফরেস্ট হিলস (Forest Hills) এবং কুইন্স ভিলেজের (Queens Village) রাস্তার কংক্রিটের মিডিয়ানগুলিকে সবুজ অবকাঠামোর "স্পঞ্জে" রূপান্তরিত করবে যা বৃষ্টির পানি শোষণ করবে এবং চরম আবহাওয়ার কারণে সৃষ্ট বন্যা প্রতিরোধ করবে। মোট হিসাবে, কুইন্স (Queens) নতুনভাবে নির্মিত এই স্থানগুলি প্রতি বছর আনুমানিক পাঁচ মিলিয়ন গ্যালন বৃষ্টির পানি ধারণ করবে বলে আশা করা হচ্ছে, যা সিউয়ার ব্যবস্থার উপর থেকে চাপ কমাবে এবং ইস্ট রিভার (East River), ফ্লাশিং বে (Flushing Bay) এবং জ্যামাইকা বে (Jamaica Bay) সহ স্থানীয় জলপথগুলির পানির গুণমান উন্নত করবে।

"জলবায়ু পরিবর্তনের সাথে সম্পর্কিত চরম আবহাওয়ার কারণে আকস্মিক বন্যা যখন ক্রমেই স্বাভাবিক ঘটনায় পরিণত হচ্ছে, তখন আমাদের কমিউনিটিগুলিকে সুরক্ষিত রাখতে সম্ভব সব কিছু করা অত্যন্ত জরুরি," গ**ভর্নর Hochul (হোকল) বলেন।** "এখানে, নিউ ইয়র্কে, আমরা আমাদের অবকাঠামোকে শক্তিশালী করতে এবং আমাদের কমিউনিটিগুলিকে আরো ভালোভাবে সুরক্ষিত রাখতে উদ্ভাবনী সমাধান বাস্তবায়ন করছি। মেয়র Mamdani (মামদানি) এবং নিউ ইয়র্ক সিটির (New York City) সাথে কাজ করে এইসব অতি গুরুত্বপূর্ণ সবুজ অবকাঠামো প্রজেক্ট হোয়াইটস্টোন, ফরেস্ট হিলস এবং কুইন্স ভিলেজকে আরো দুর্যোগের ক্ষেত্রে সহনশীল ও নিরাপদ করে তুলতে সাহায্য করবে।"

মেয়র Zohran Kwame Mamdani (জোহারান কোয়ামে মামদানি) বলেন, "জলবায়ু পরিবর্তনের কারণে আরো তীব্র ও পূর্বাভাসের বাইরের বৃষ্টিপাতের ঘটনা ঘটছে, এবং পদক্ষেপ না

নিলে এই ঝড়গুলি নিয়েও ইয়র্ক সিটির সিউয়ার ব্যবস্থাকে বারবার তার ধারণক্ষমতার সীমা ছাড়িয়ে যেতে বাধ্য করবে। 8.4 মিলিয়ন মার্কিন ডলারের এই সবুজ মিডিয়ান প্রজেক্টটি আমাদের পরিবেশ ও আমাদের এলাকার জন্য কার্যকর অবকাঠামোর মাধ্যমে সেই চ্যালেঞ্জের মোকাবেলা করছে। ভূগর্ভস্থ বৃষ্টির পানি সংরক্ষণ ব্যবস্থার উপর স্থানীয় প্রজাতির উদ্ভিদ ও বুনোফুল লাগানোর মাধ্যমে আমরা প্রতি বছর পাঁচ মিলিয়ন গ্যালন বৃষ্টির পানি ধারণ করবো, যা আমাদের সিউয়ার ব্যবস্থার উপর থেকে চাপ কমাবে এবং নিউ ইয়র্কবাসীকে নিরাপদ রাখতে সাহায্য করবে। নিউ ইয়র্কবাসীকে সুরক্ষিত রাখার পাশাপাশি আমাদের শহরকে আরো সবুজ ও সুন্দর করে তোলে এমন দুর্যোগের ক্ষেত্রে সহনশীল অবকাঠামোতে বিনিয়োগ করার জন্য আমরা গভর্নর Hochul (হোকল) এবং আমাদের স্টেটের পার্টনারদের কাছে কৃতজ্ঞ।"

প্রজেক্টগুলির অর্থায়ন আংশিকভাবে হয়েছে নিউ ইয়র্ক স্টেটের মোট 5 মিলিয়ন মার্কিন ডলারের অনুদান দিয়ে যা এনভায়রনমেন্টাল ফ্যাসিলিটিজ কর্পোরেশনের (Environmental Facilities Corp.) পরিচালিত Green Innovation Grant প্রোগ্রাম এবং নিউ ইয়র্ক স্টেটের ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজার্ভেশনের (Department of Environmental Conservation, DEC) তত্ত্বাবধানে পরিচালিত Water Quality Improvement প্রজেক্ট থেকে পাওয়া গেছে।

নিউ ইয়র্ক স্টেটের ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজার্ভেশনের কমিশনার Amanda Lefton (আমান্ডা লেফটন) বলেন, "কুইন্সে বন্যা কমাতে এবং কমিউনিটিগুলির উন্নয়নে সাহায্য করার কৌশল নিয়ে মেয়র Mamdani (মামদানি) এবং আমাদের শহর ও স্টেটের পার্টনারদের সাথে কাজ করতে পেরে DEC গর্বিত। সবুজ অবকাঠামো এবং পানির গুণমান উন্নয়নের অন্যান্য ক্ষেত্রে গভর্নর Kathy Hochul-এর (ক্যাথি হোকল) রেকর্ড পরিমাণ স্টেট বিনিয়োগের ফলে DEC সিটি এবং পুরো স্টেটের মিউনিসিপ্যালিটিগুলির নেতৃত্বে পরিচালিত উদ্যোগগুলিকে প্রয়োজনীয় সংস্থান দিয়ে সমর্থন করতে পারছে যা গুরুত্বপূর্ণ বৃষ্টির পানি ব্যবস্থাপনা প্রজেক্ট বাস্তবায়ন করার জন্য তাদের প্রয়োজন, যেমন, এই নতুন সবুজ করিডোরগুলি যা কুইন্স ভিলেজ, হোয়াইটস্টোন এবং ফরেস্ট হিলসের জন্য ব্যাপক সুফল বয়ে আনবে।"

নিউ ইয়র্ক স্টেটের এনভায়রনমেন্টাল ফ্যাসিলিটিজ কর্পোরেশনের প্রেসিডেন্ট ও CEO Maureen A. Coleman (মরিন এ কোলম্যান) বলেন, "গভর্নর Hochul (হোকল) এমন সব সমাধানে বিনিয়োগ করছেন যা যেমন বাস্তবসম্মত, তেমনি উদ্ভাবনী। কুইন্সের এইসব প্রজেক্টের জন্য 5 মিলিয়ন মার্কিন ডলারের অনুদান কংক্রিটের মিডিয়ানগুলিকে সবুজ "স্পঞ্জে" রূপান্তরিত করবে, যা লাখ লাখ গ্যালন বৃষ্টির পানি শোষণ করতে সক্ষম হবে, বন্যার ঝুঁকি কমাবে এবং নিউ ইয়র্কবাসীকে সুরক্ষিত রাখবে। তীব্র আবহাওয়া মোকাবেলায় প্রকৃতির সাথে সামঞ্জস্য রেখে কাজ করে এমন প্রজেক্টগুলিকে সমর্থন করার মাধ্যমে, স্টেট নিউ ইয়র্ক সিটিকে আরো দুর্যোগের ক্ষেত্রে সহনশীল করে তুলতে সাহায্য করছে এবং একই সাথে গ্রাহকদের খরচ কমিয়ে আনছে।"

নিউ ইয়র্ক সিটির ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল প্রোটেকশনের (Department of Environmental Protection) কমিশনার Lisa F. Garcia (লিসা এফ গার্সিয়া) বলেন, "জলবায়ু পরিবর্তন আমাদের বিশ্বকে নতুনভাবে রূপ দিচ্ছে, আর এর প্রতিক্রিয়ায় আমাদেরকেও

আমাদের শহরের অবকাঠামোকে নতুনভাবে রূপ দিতে হবে। শক্ত কংক্রিটের পরিবর্তে জীবন্ত প্রাকৃতিক ভূদৃশ্য তৈরি করে আমরা শুধু বৃষ্টির পানি ব্যবস্থাপনাই করছি না, আমাদের রাস্তাগুলি কেমন হতে পারে, সেটিও নতুনভাবে কল্পনা করছি। এই বিস্তৃত মিডিয়ানগুলি প্রাণবন্ত সবুজ করিডোরে পরিণত হবে, যা প্রতি বছর লাখ লাখ গ্যালন বৃষ্টির পানি শোষণ করবে। এভাবেই আমরা প্রতিদিনের ব্যবহারের স্থানগুলিকে উদ্ভাবনী বন্যা মোকাবেলার সমাধানে রূপান্তরিত করছি যা একই সাথে কমিউনিটিগুলিকে সুরক্ষিত রাখে এবং এলাকাগুলিকে আরো সুন্দর করে।"

নিউ ইয়র্ক সিটির ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশনের (Department of Transportation) কমিশনার Mike Flynn (মাইক ফ্লিন) বলেন, "কংক্রিটের মিডিয়ান পথচারীদের রাস্তা পারাপার সহজ করে এবং যান চলাচলকে আরো সুশৃঙ্খলভাবে পরিচালনা করে নিরাপত্তা বাড়াতে সহায়তা করে, কিন্তু চরম আবহাওয়া ও বন্যার ঝুঁকি থেকে আমাদের শহরকে সুরক্ষিত রাখার ক্ষেত্রেও এগুলি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। জলবায়ু পরিবর্তনের কারণে নিউ ইয়র্ক সিটিতে আরো বেশি তীব্র বৃষ্টির ঝড় দেখা দেওয়ায়, বাড়তে থাকা পরিবেশগত হুমকি থেকে নিউ ইয়র্কবাসীকে সুরক্ষিত রাখতে এখন আগের যেকোনো সময়ের চেয়ে আমাদের অবকাঠামো উন্নত করা এবং তা নিয়ে নতুনভাবে ভাবা আরো জরুরি।"

কাজের অংশ হিসেবে পুরোনো কংক্রিটের মিডিয়ান ও কার্ব সরিয়ে ফেলা হবে এবং অতিরিক্ত বড় হওয়া বা মৃত গাছ, আগাছা ও জমে থাকা আবর্জনা পরিষ্কার করা হবে। পানি যাতে মিডিয়ানগুলির দিকে প্রবাহিত হয় তা নিশ্চিত করতে নতুন ইনলেট ওপেনিং তৈরি করা হবে, যা রাস্তা থেকে পানি সরিয়ে সরাসরি গাছপালা লাগানো এলাকায় নিয়ে যাবে। নির্মাণকাজের মধ্যে বিশেষভাবে প্রকৌশল করা মাটি এবং ভূগর্ভস্থ সংরক্ষণ ব্যবস্থা স্থাপন করা হবে, যা বৃষ্টির পানি শোষণ করার জন্য তৈরি।

ল্যান্ডস্কেপিংয়ের মাধ্যমে এসব স্থানকে সবুজ করিডোরে রূপান্তর করা হবে, যেখানে স্থানীয় প্রজাতির গাছপালা, ঝোপঝাড়, ঘাস এবং বুনোফুল লাগানো হবে। সব মিলিয়ে, এসব উন্নয়নের মাধ্যমে রাস্তার পরিবেশকে ঠাণ্ডা ও আরো সুন্দর করে তোলার পাশাপাশি আশপাশের এলাকাগুলির জন্য আরো শক্তিশালী বন্যা সুরক্ষা প্রদান করা হবে। প্রজেক্টগুলি ল্যান্ডস্কেপেরও উন্নতি করবে যা এলাকার সৌন্দর্য বাড়াবে এবং একই সাথে Americans with Disabilities Act (ADA) অনুযায়ী র‍্যাম্প এবং সনাক্তযোগ্য ওয়ার্নিং সার্ফেসের মাধ্যমে পথচারীদের নিরাপত্তাও উন্নত করবে।

হোয়াইটস্টোন: Francis Lewis Boulevard, 20th Avenue এবং 21st Road-এর মধ্যবর্তী অংশ Francis Lewis Boulevard-এর মিডিয়ানগুলি, যেগুলির কাজ এখন প্রায় শেষের পথে, 1,105 ফুট বিস্তৃত এবং 1.17 একর নিষ্কাশন এলাকা থেকে প্রবাহিত পানি ধারণ করবে। এগুলি প্রতি বছর 1.11 মিলিয়ন গ্যালন বৃষ্টির পানি ব্যবস্থাপনা করবে এবং ইস্ট রিভারে সম্মিলিত সিউয়ার ওভারফ্লো (combined sewer overflows, CSO) কমাবে।

ফরেস্ট হিলস: Union Turnpike, Metropolitan Avenue এবং 71st Road-এর মধ্যবর্তী অংশ এই শরতে গাছপালা লাগানোর জন্য নির্ধারিত Union Turnpike-এর মিডিয়ানগুলি 3,245 ফুট বিস্তৃত এবং 2.56 একর নিষ্কাশন এলাকা থেকে পানি সংগ্রহ করবে। এগুলি প্রতি বছর 2.43

মিলিয়ন গ্যালন বৃষ্টির পানি ব্যবস্থাপনার জন্য তৈরি করা হয়েছে যা ব্যবস্থার উপর চাপ কমাবে এবং ফ্লাশিং বে-তে CSO প্রতিরোধ করবে।

কুইন্স ভিলেজ: Springfield Boulevard, Lucas Street এবং Merrick Boulevard-এর মধ্যবর্তী অংশ
Springfield Boulevard-এর মিডিয়ানগুলির নির্মাণকাজ এই বছরের শেষের দিকে শুরু হওয়ার কথা রয়েছে, এবং এটি 1.51 একর নিষ্কাশন এলাকার সাথে সংযুক্ত 1,182 ফুট সবুজ অবকাঠামো যোগ করবে। এইসব উন্নয়নের মাধ্যমে প্রতি বছর 1.44 মিলিয়ন গ্যালন বৃষ্টির পানি ব্যবস্থাপনা করা হবে এবং জ্যামাইকা বে-তে CSO সীমিত করতে সাহায্য করবে।

সব কাজ নিউ ইয়র্ক সিটির ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশন এবং NYC পার্কসের (NYC Parks) সাথে ঘনিষ্ঠ সমন্বয়ের মাধ্যমে পরিচালিত হয়েছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন
এই গ্রুপ থেকে আনসাবস্ক্রাইব করতে এবং এর থেকে ইমেইল পাওয়া বন্ধ করতে press.release+unsubscribe@exec.ny.gov ঠিকানায় একটি ইমেইল পাঠান।